



নম্বর:০৭.০৩.০০০০.০০৩.৬৫.৪৪০.১৮- ২২৩

তারিখ: ২৫/০৬/২০২১ খ্রি.

বিষয়: আইবাস++ সিস্টেমের মাধ্যমে স্বয়ংক্রিয়ভাবে জিপিএফ চূড়ান্ত পরিশোধের ব্যালেন্স গণনা প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, সরকারি কর্মকর্তা-কর্মচারীগণ জিপিএফ চূড়ান্ত পরিশোধের ক্ষেত্রে নির্ধারিত ফরমে প্রয়োজনীয় তথ্য প্রদানপূর্বক হিসাবরক্ষণ অফিস বরাবর আবেদন করেন। সংশ্লিষ্ট হিসাবরক্ষণ অফিস হতে জিপিএফ ফরম নম্বর ১১ (Book of Account Forms 1935, Form 11) মোতাবেক চূড়ান্ত পরিশোধের লক্ষ্যে অথরিটি জারি করা হয়। পরবর্তী সময়ে হিসাবরক্ষণ অফিস হতে জারিকৃত অথরিটির প্রেক্ষিতে সংশ্লিষ্ট নির্বাহী অফিস চূড়ান্ত উত্তোলনের মঞ্জুরিপত্র জারি করেন।

২। এমতাবস্থায়, আইবাস++ সিস্টেমের মাধ্যমে স্বয়ংক্রিয়ভাবে জিপিএফ চূড়ান্ত পরিশোধের ব্যালেন্স নিরূপণ এবং অথরিটি ইস্যুর লক্ষ্যে আইবাস++ সিস্টেমে দুইটি মেনু সংযোজন করা হয়েছে (GPF Management\GPF Transaction\GPF Final Payment Authority Entry এবং GPF Management\GPF Transaction\GPF Final Payment Authority Approval)।

৩। GPF Final Payment Authority Entry শীর্ষক মেনু ব্যবহার করে জিপিএফ চূড়ান্ত পরিশোধের ব্যালেন্স গণনার লক্ষ্যে তথ্য এন্ট্রি করা যাবে এবং GPF Final Payment Authority Approval শীর্ষক মেনু ব্যবহার করে জিপিএফ চূড়ান্ত পরিশোধের ব্যালেন্স অ্যাপ্রুভসহ সিস্টেম জেনারেটেড অথরিটি তৈরি করা যাবে।

৪। GPF Final Payment Authority Entry এবং GPF Final Payment Authority Approval শীর্ষক মেনু ব্যবহার সংক্রান্ত একটি গাইডলাইন সংযুক্তি আকারে প্রেরণ করা হলো।

৫। উল্লেখ্য যে, কোনো কর্মকর্তা-কর্মচারীর জিপিএফ প্রারম্ভিক ব্যালেন্স আইবাস++ সিস্টেমে অ্যাপ্রুভ করা না থাকলে এবং একইসাথে সাবসক্রিপশন, উইথড্রয়াল ও রিফান্ড সংক্রান্ত তথ্য সঠিকভাবে এন্ট্রি করা না থাকলে প্রথমে প্রারম্ভিক ব্যালেন্স অ্যাপ্রুভসহ অন্যান্য তথ্যসমূহের এন্ট্রি নিশ্চিত করতে হবে এবং তারপর উপর্যুক্ত মেনুসমূহ ব্যবহার করে আইবাস++ সিস্টেম জেনারেটেড অথরিটি ইস্যু করতে হবে।

৬। জিপিএফ চূড়ান্ত পরিশোধের লক্ষ্যে আইবাস++ সিস্টেম জেনারেটেড অথরিটি ইস্যু ব্যতিরেকে অন্য কোনোভাবে (ম্যানুয়ালি) অথরিটি ইস্যু করা যাবে না। বিষয়টি নির্দেশক্রমে অবহিত করা হলো।

(মো: মামুন-উল-মান্নান)

অতিরিক্ত হিসাব মহানিয়ন্ত্রক (হিসাব ও পদ্ধতি)

ফোন: ৯৩৬০৮৫৯

E-mail: addlcga@cga.gov.bd

সংযুক্তি: সংশ্লিষ্ট গাইডলাইন

**কার্যার্থে:**

চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার (সকল)

ডিভিশনাল কন্ট্রোলার অব একাউন্টস (সকল)

জেলা একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার (সকল)

উপজেলা একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার (সকল)

নম্বর: ০৭.০৩.০০০০.০০৩.৬৫.৪৪০.১৮- ২২ (৩)

তারিখ: ২৮/০৬/২০২১ খ্রি.

সদয় অবগতি/প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। বাংলাদেশের কম্পট্রোলার এন্ড অডিটর জেনারেল, অডিট ভবন, ৭৭/৭, কাকরাইল, ঢাকা-১০০০।  
[দৃষ্টি আকর্ষণ: ডিসিএজি (এএন্ডআর)]
  - ২। জাতীয় প্রকল্প পরিচালক, এসপিএফএমএসপি টু এনাবল সার্ভিস ডেলিভারী প্রোগ্রাম, ইঞ্জিনিয়ারিং ইম্পস্টিটিউশন, আইইবি (রমনা), ঢাকা-১০০০।
  - ৩। অতিরিক্ত হিসাব মহানিয়ন্ত্রক (প্রশাসন)।
  - ৪। সিনিয়র সিস্টেম অ্যানালিস্ট (হিসাব মহানিয়ন্ত্রক এর কার্যালয় এর ওয়েবসাইটে প্রকাশের অনুরোধ করা হলো)।
- ৫। অফিস কপি।

*M. Kalam*  
২৮/৬/২১

(মোহাম্মদ কবির হোসেন, সিপিএফএ)  
উপ হিসাব মহানিয়ন্ত্রক (হিসাব-১)  
ফোনঃ ৪৯৩৪৯৮৪৪  
email: [dcgaacc@cg.gov.bd](mailto:dcgaacc@cg.gov.bd)